

## 💵 জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৭: সান্থনাদান বা শোক প্রকাশের পদ্ধতি কি?

রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাঁর এক মেয়েকে যেভাবে সাম্বনা দিয়েছিলেন, ঠিক সেভাবে সাম্বনা দেওয়া উত্তম। রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম-এর মেয়ের সন্তান মারা গেলে তিনি তাঁকে আহ্বান জানিয়ে তাঁর নিকট একজন দৃত প্রেরণ করেন। এই দৃতকে রাসূল সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছিলেন, 'তাকে তুমি ধৈর্য্য ধরতে এবং এর বিনিময়ে নেকীর আশা করতে বল। কেননা আল্লাহ যা নিয়ে গেছেন, তা যেমন তাঁর, তেমনি যা তিনি রেখে গেছেন, তাও তাঁর। প্রত্যেকটি বস্তু একটি নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত টিকে থাকবে'।[1] তবে 'আল্লাহ আপনার নেকী বৃদ্ধি করে দিন', 'আল্লাহ আপনাকে উত্তম সাম্বনা দান করুন', আল্লাহ আপনার মৃতকে ক্ষমা করুন' ইত্যাদি যেসব দো'আ মানুষের কাছে প্রসিদ্ধ হয়ে আছে, তা কিছু কিছু আলেম পছন্দ করেছেন। তবে হাদীছ মোতাবেক আমল করাই উত্তম।

## ফুটনোট

[1]. বুখারী, 'জানাযা' অধ্যায়, হা/১২৮৪; মুসলিম, 'জানাযা' অধ্যায়, হা/৯২৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1694

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন